



হোয়াইট হাউসে গুলির ঘটনায় আতঙ্ক, দ্রুত সরানো হয় ট্রাম্পকে



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনে হোয়াইট হাউস সংবাদদাতাদের নৈশভোজ চলাকালে এক হোটেলে গুলির ঘটনার পর পরিস্থিতিকে ‘অস্বাভাবিক সঙ্ক্যা’ হিসেবে উল্লেখ করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

শনিবার (২৫ এপ্রিল) স্থানীয় সময় রাতে এই ঘটনায় আকস্মিক গুলির শব্দে অনুষ্ঠানস্থলে আতঙ্ক ছড়িয়ে পড়ে। দ্রুত প্রেসিডেন্ট ট্রাম্পকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। পরবর্তীতে তিনি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম টুথ সোশ্যালে প্রতিক্রিয়া জানান।

ট্রাম্প জানান, ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প, ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সসহ প্রশাসনের সবাই নিরাপদ আছেন। তিনি আরও বলেন, সিক্রেট সার্ভিস দ্রুত ও দক্ষতার সঙ্গে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং সন্দেহভাজন বন্দুকধারীকে আটক করা হয়েছে।

তিনি আয়োজকদের সঙ্গে কথা বলে জানান, নিরাপত্তাজনিত কারণে অনুষ্ঠানটি আপাতত স্থগিত করা হয়েছে এবং আগামী ৩০ দিনের মধ্যে নতুন করে আয়োজন করা হবে। এই ঘটনায় তিনি নিরাপত্তা বাহিনীর ভূমিকার প্রশংসাও করেন।